

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 08-01-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু শিক্ষা ব্যবস্থায় মূল্যবোধ, নৈতিকতা এবং সংস্কৃতির বিকাশকে অগ্রাধিকার দেবার আহ্বান জানিয়েছেন।
- (২) আয়ুত্থান ভারত প্রকল্পে প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় গত ৩১ ডিসেম্বর পর্যন্ত রাজ্যে সুবিধাভোগীর সংখ্যা ৩ লক্ষ ৯২ হাজার ৯৬৮ জন।
- (৩) 'এক দেশ এক নির্বাচন' বিল সংক্রান্ত যৌথ সংসদীয় কমিটির প্রথম বৈঠক আজ নতুনদিল্লিতে অনুষ্ঠিত হয়।
- (৪) জামশেদপুরে অনুষ্ঠিত মেয়েদের অনূর্ধ্ব ২৩ বছরের টি-২০ ক্রিকেটে গ্রুপের তৃতীয় খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে।

Governor-Holicross school :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু শিক্ষা ব্যবস্থায় মূল্যবোধ, নৈতিকতা এবং সংস্কৃতির বিকাশকে অগ্রাধিকার দেবার আহ্বান জানিয়েছেন। আজ আগরতলায় হলিক্রস স্কুলে নতুন ভবনের উদ্বোধন করে তিনি বলেন, দ্রুত প্রযুক্তিগত অগ্রগতির এই যুগে ডিজিটাল প্রযুক্তি দ্বারা উপস্থাপিত সুযোগ এবং চ্যালেঞ্জ সম্পর্কে সচেতন হতে হবে। এরজন্য ছাত্রছাত্রীদেরও অবশ্যই আত্মবিশ্বাস নিয়ে চলতে হবে। রাজ্যপাল বলেন, শিক্ষা শুধুমাত্র জ্ঞান অর্জনের জন্য নয়। এর মাধ্যমে চরিত্রের বিকাশ হবে।

#####Byte#####

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হলিক্রশ স্কুলের অধ্যক্ষ ফাদার জিলসন টম, ভাইস প্রিন্সিপাল ফাদার অর্জি পল, ফাদার কে যে আব্রাহাম। উদ্বোধনী পর্বের পর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে ছাত্রছাত্রীরা।

PMJAY :

আয়ুত্থান ভারত প্রকল্পে প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় গত ৩১ ডিসেম্বর পর্যন্ত রাজ্যে সুবিধাভোগীর সংখ্যা ৩ লক্ষ ৯২ হাজার ৯৬৮ জন। তারমধ্যে চিকিৎসা পরিষেবার দাবি নিষ্পত্তি হয়েছে ২ লক্ষ ৬৪ হাজার ৮ জন সুবিধাভোগীর। তাতে ব্যয় হয়েছে ২১১ কোটি ৫৬ লক্ষ টাকা। রাজ্যে আট জেলার মধ্যে সবচেয়ে বেশি সুবিধাভোগীর সংখ্যা পশ্চিম জেলায়। এই জেলায় এক লক্ষ ১৯ হাজার ৩১১ জন সুবিধাভোগী। তারমধ্যে চিকিৎসা পরিষেবায় দাবি নিষ্পত্তি হয়েছে ৫৯ হাজার ৭৯০ জনের। প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ডা: শুভেন্দু দেববর্মা আজ আকাশবাণীর প্রতিনিধিকে এসংবাদ জানান। তিনি জানান, মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় গত ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে সুবিধাভোগীর সংখ্যা ২৩ হাজার ৩২৬ জন। তারমধ্যে ১০ হাজার ৭১৭ জনের চিকিৎসা পরিষেবার দাবি নিষ্পত্তি হয়েছে। তাতে সরকারের ব্যয় হয়েছে ৮ কোটি ২২ লক্ষ টাকা। ডা: দেববর্মা জানান, রাজ্যে ১৩৬টি হাসপাতাল প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় অন্তর্ভুক্ত। এরমধ্যে পাঁচটি হাসপাতাল বেসরকারি।

CM-Birthday :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার জন্মদিনে আজ প্রধানমন্ত্রী সহ বহু বিশিষ্টজন শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায়,

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা তাঁর আন্তরিক ও অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে ত্রিপুরাবাসীর মন জয় করে ফেলেছেন। অধ্যাপক ডাঃ মানিক সাহা দীর্ঘ ও সুস্থ জীবন কামনা করেছেন প্রধানমন্ত্রী।

মুখ্যমন্ত্রী জন্মদিন উপলক্ষ্যে আজ আগরতলা গভর্নমেন্ট নার্সিং কলেজের অডিটোরিয়ামে স্বাস্থ্য দপ্তরের কর্মচারীদের উদ্যোগে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৫০ জন স্বৈচ্ছায় রক্তদান করেন।

বড়দোয়ালী মন্ডলের উদ্যোগেও পুর নিগমের বড়দোয়ালীর ১৬ নম্বর ওয়ার্ডে রক্তদান শিবির, স্বচ্ছ ভারত অভিযান, শিশুদের মধ্যে ফল মিষ্টি বিতরণ ইত্যাদি কর্মসূচি পালন করা হয়।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জন্মদিন উপলক্ষ্যে আগরতলা পুর নিগমের ৩৯-নম্বর ওয়ার্ডে বৃক্ষরোপন কর্মসূচি ও দুঃস্থ মহিলাদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। তাছাড়া ১০ জন প্রবীণ নাগরিককে সম্বর্ধনা জ্ঞাপন করা হয়।

Book Fair on the 5th day :

"সর্বেষাং শান্তিৰ্ভবতু" - এই ভাবনায় আগরতলা আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে আয়োজিত ৪৩তম বই মেলার আজ সপ্তম দিন। এখন আপনাদের সামনে তুলে ধরছি বইমেলার কিছু মুহূর্ত।

#####Byte/VCap#####

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক

প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ
লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন
টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা /
ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে
আকাশবাণী নিউজ আগরতলা।

Mahakumbh Song :

প্রয়াগরাজের গঙ্গা, যমুনা এবং সরস্বতী নদীর সঙ্গমস্থলে আগামী
১৩ই জানুয়ারি থেকে ২৬শে ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠেয় মহা কুম্ভ
মেলায় প্রস্তুতি এখন তুঙ্গে। প্রশাসনিক, আরক্ষা, যোগাযোগ
ব্যবস্থার পাশাপাশি আকাশবাণী ও দূরদর্শনও তাদের সম্প্রচারের
প্রস্তুতি নিয়েছে। এরই পাশাপাশি আকাশবাণী এবং দূরদর্শন মহা
কুম্ভের বিশেষ সঙ্গীত প্রকাশ করেছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রী
অশ্বিনী বৈষ্ণব আজ নতুন দিল্লিতে এই সঙ্গীত প্রকাশ করেন।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রসার ভারতীর চেয়ারম্যান নবনীত
কুমার সেহগাল, প্রসার ভারতীর সিইও গৌরব দ্বিবেদী, দূরদর্শনের
মহানির্দেশক কাঞ্চন প্রসাদ এবং আকাশবাণীর মহানির্দেশক প্রজ্ঞা
পালিওয়াল গৌর।

Maha Kumbha Byte####

ONOE :

‘এক দেশ এক নির্বাচন’ বিল সংক্রান্ত যৌথ সংসদীয় কমিটির
প্রথম বৈঠক আজ নতুনদিল্লিতে অনুষ্ঠিত হয়। এই দুটি বিল হল,
১২৯তম সংবিধান সংশোধনী বিল ২০২৪ এবং কেন্দ্রশাসিত
অঞ্চল আইন সংশোধনী বিল, ২০২৪। কমিটির চেয়ারপার্সন,
বিজেপি সাংসদ, পিপি চৌধুরী সাংবাদিকদের বলেছেন, কমিটি

আইন বিশেষজ্ঞ, সুশীল সমাজের সদস্য, বিচার বিভাগ বা রাজনৈতিক দল সহ সকল অংশীদারদের কাছ থেকে মতামত নিয়ে পরবর্তী কার্যক্রমের সিদ্ধান্ত নেবে। উল্লেখ্য, ৩৯ সদস্যের কমিটিতে লোকসভা থেকে ২৭ জন সদস্য এবং রাজ্যসভা থেকে ১২ জন সদস্য রয়েছেন। আগামী সংসদ অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিনের মধ্যে কমিটি তাদের প্রতিবেদন জমা দেবে।

Lokkhidhon Murasingh :

প্রয়াত হলেন ককবরক কবি ও সাহিত্যিক লক্ষীধন মুড়াসিং। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৮ বছর। আজ ভোর পাঁচটায় আগরতলার জিবি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। তাঁর মৃত্যুতে শোক জানিয়েছে ককবরক সাহিত্য সংসদ। ককবরক সাহিত্যে তাঁর উল্লেখযোগ্য অবদান রয়েছে। রবীন্দ্রনাথের গোরা উপন্যাসটি ককবরকে অনুবাদ তাঁর সাহিত্য কর্মের মধ্যে অন্যতম।

Petrol Pump-Kathalia :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ সিপাহীজলা জেলার কাঁঠালিয়ায় ইন্ডিয়ান অয়েলের একটি পেট্রোল পাম্পের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন প্রাক্তন কেন্দ্রীয়মন্ত্রী রামেশ্বর তেলী, প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক বিন্দু দেবনাথ, তফাজ্জল হোসেন ও স্বপ্না মজুমদার।

Paddy Procurement :

কৈলাশহরের জারুইলতলীর খাদ্য গুদাম প্রাঙ্গনে আজ কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে। তিনদিনের এই কর্মসূচির উদ্বোধন করেন কৈলাশহর পুর

পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। কুমারঘাটে এই ধানক্রয় কর্মসূচির সূচনা করেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস। কেজি প্রতি তেইশ টাকা দরে ধানক্রয় করা হচ্ছে।

DYFI Rally :

বেকারদের কর্মসংস্থান সহ ৩ দফা দাবিতে আজ ভারতের গনতান্ত্রিক যুব ফেডারেশন ও উপজাতি যুব ফেডারেশনের উদ্যোগে বিলোনিয়া মহকুমার ভাতখলা থেকে যশমুড়া পর্যন্ত ৮ কিমি পদযাত্রা অনুষ্ঠিত হয়। পদযাত্রা শেষে যশমুড়া বাজারে আয়োজিত সভায় সিপিআইএম দক্ষিণ জেলার সম্পাদক তাপস দত্ত, উপজাতি যুব ফেডারেশনের কেন্দ্রীয় কমিটির সম্পাদক কুমুদ দেববর্মা, ডিওয়াইএফআই বিলোনিয়া মহকুমা সম্পাদক মধুসুধন দত্ত প্রমুখ বক্তব্য রাখেন।

Food Festival :

উনকোটি জেলার ফটিকরায় আশ্বেদকর কলেজের শিক্ষা বিভাগের উদ্যোগে আজ খাদ্য উৎসব বা ফুড ফেস্টিভ্যাল- ২০২৫ অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন, উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ। উপস্থিত ছিলেন, রাজনগর পঞ্চায়েতের প্রধান প্রীতম বিশ্বাস, কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা ডক্টর মেলোডি দারলং প্রমুখ। কলেজের শিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান সঞ্জয় দাস জানান, আজ মোট পঁচিশটি স্টলে ত্রিপুরা ও বিহারের বিবিধ খাদ্যের প্রদর্শন ও বিপন্নন হয়। ছাত্রছাত্রীদের মধ্যে দক্ষতা ও সৃজনশীলতা বিকাশের লক্ষ্যে প্রথমবারের মতো এধরনের খাদ্য উৎসব এর আয়োজন।

23 Women's Cricket :

জামশেদপুৰে অনুষ্ঠিত মেয়েদেৱ অনূৰ্ধৱ ২৩ বছৰেৰ টি-২০ ক্ৰিকেটে গ্ৰুপেৰ তৃতীয় খেলায় ত্ৰিপুৰা জয়লাভ কৰেছে। কিনান ষ্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় আজ ৰাজ্যদল ৮৪ ৰানে মিজোৰামকে হাৰিয়ে দেয়।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সৰ্বোচ্চ ২১ ডিগ্রি সেলসিয়াস এবং সৰ্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস এৰ কাছাকাছি থাকবে। আজ দিনেৰ সৰ্বোচ্চ তাপমাত্রা ছিল ১৯.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সৰ্বনিম্ন ১৫ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস। আসামেৰ উত্তৰাঞ্চলে একটি ঘূৰ্ণাবৰ্ত থাকৰ কাৰণে ৰাজ্যে আকাশ মেঘাচ্ছন্ন। ঘূৰ্ণাবৰ্ত কেটে গেলেই ৰাজ্যে তাপমাত্রা নিম্নমুখী হবো।
